Microcredit
Regulatory
Authority

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
এনএসসি টাওয়ার (১২তলা)
৬২/৩ পুরানা পল্টন
ঢাকা-১০০০।

এমআরএ/লেটার নং-রেগু-০৯

তারিখ ঃ ২৯ আষাঢ় ১৪১৮ বাংলা
১৩ জুলাই ২০১১ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানাবলী পালনে**
**ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।**

প্রিয় মহোদয়,

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ)(ঋ) ধারার বিধান মোতাবেক ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখের প্রজ্ঞাপন নং-এএমএলডি-০১/২০১০ বিবি এর সূত্রে বাংলাদেশে কর্মরত ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। এক্ষণে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২৩ এ প্রদত্ত ক্ষমতাবলে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানসমূহ যথাযথভাবে পালনের উদ্দেশ্যে প্রতিটি ক্ষুদ্রঋণ প্রদানকারী প্রতিষ্ঠানের অনুসরণের জন্য ১৫ জুন, ২০১১ তারিখে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এএমএল সার্কুলার নং-২৭ জারি করা হয়েছে যা এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। উক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশাবলী যথাযথভাবে পালন করার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

(ফৌজিয়া জাফরীন)
পরিচালক
ফোন: ০২-৯৫১৫২৪০

মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
ওয়েবসাইট : www.bangladeshbank.org.bd

এ এম এল সার্কুলার নম্বর ঃ ২৭

তারিখ ঃ ০১ আষাঢ়, ১৪১৮ / ১৫ জুন, ২০১১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও
বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization)।

প্রিয় মহোদয়,

**মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানাবলী পরিপালনে অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization) কর্তৃক অনুসরণীয় নির্দেশাবলী।**

মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ২(ঠ)(খ) ধারার বিধান মোতাবেক ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখের প্রজ্ঞাপন নং-এএমএলডি-০১/২০১০ বিবি এর সূত্রে বাংলাদেশে কর্মরত অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization- NPO) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization-NGO) কে রিপোর্ট প্রদানকারী সংস্থা হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে যা ৩০ সেপ্টেম্বর, ২০১০ তারিখে ইস্যুকৃত এএমএল সার্কুলার নং-২৬ এর মাধ্যমে সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করা হয়েছে। উক্ত প্রজ্ঞাপনের নির্দেশনা অনুযায়ী অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (NPO) বলতে কোম্পানী আইন (বাংলাদেশ), ১৯৯৪ এর ২৮ ধারার আওতায় নিবন্ধিত কোন প্রতিষ্ঠান এবং বেসরকারী উন্নয়ন সংস্থা (NGO) বলতে দি ভলানটেরি সোস্যাল ওয়েলফেয়ার এজেন্সিস (রেজিস্ট্রেশন এন্ড কন্ট্রোল) অর্ডিন্যান্স, ১৯৬১, সমবায় সমিতি আইন, ২০০১, দি সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্ট, ১৮৬০, দি ফরেন ডোনেশন (ভলানটেরি এ্যাক্টিভিটিজ) রেগুলেশন অর্ডিনেন্স, ১৯৭৮, দি ফরেন কন্ট্রিবিউশনস্ (রেগুলেশনস্) অর্ডিনেন্স, ১৯৮২ ও মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি আইন, ২০০৬ এর আওতায় অনুমোদিত/নিবন্ধিত প্রতিষ্ঠান বুঝাবে।

০২। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর ধারা ২৩ এ মানিলন্ডারিং অপরাধ দমন ও প্রতিরোধে বাংলাদেশ ব্যাংকের ক্ষমতা ও দায়িত্ব এবং ধারা ২৫ এ রিপোর্ট প্রদানকারী সংস্থার দায়-দায়িত্ব বর্ণিত রয়েছে। এ প্রেক্ষিতে মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানসমূহ এনপিও এবং এনজিও কর্তৃক যথাযথভাবে পরিপালনের উদ্দেশ্যে উক্ত আইনের ২৩ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এই সার্কুলারের নির্দেশনা জারী করা হলো।

০৩। নির্দেশনাসমূহ ঃ

(ক) মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০০৯ এর বিধানাবলী যথাযথ পরিপালনার্থে প্রতিটি এনপিও/এনজিও মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধ বিষয়ক নীতি প্রণয়ন করবে যা প্রতিষ্ঠানটির পরিচালনা পর্ষদ/সর্বোচ্চ কমিটি কর্তৃক অনুমোদিত হবে। মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগান প্রতিরোধ বিষয়ক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের উদ্দেশ্যে প্রতিটি এনপিও/এনজিও বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ রক্ষার জন্য একজন ঊর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাকে Contact Point হিসেবে মনোনয়ন করে উক্ত কর্মকর্তার নাম, পদবী, যোগাযোগের ঠিকানা, টেলিফোন নম্বর, ফ্যাক্স ও ই-মেইল মানি লন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে সরবরাহ করবে।

(খ) প্রতিটি এনপিও/এনজিও ঃ

অ) প্রতিষ্ঠার উদ্দেশ্য, লক্ষ্য এবং কার্যক্রমের বিস্তারিত তথ্য সংরক্ষণ করবে।

আ) যাদের নিয়ন্ত্রণে অথবা নির্দেশনায় পরিচালিত হচ্ছে (ঊর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পরিচালনা পর্ষদের সদস্য, নির্বাহী কমিটি, ট্রাস্টি বোর্ড ও অন্যান্য) তাদের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য এবং উক্ত তথ্যের সমর্থনে দলিলাদি সংগ্রহ ও সংরক্ষণ করবে।

[উল্লিখিত (অ) ও (আ) ক্রমিকে বর্ণিত তথ্যাবলী জনগণের জন্য উন্মুক্ত (publicly available) থাকবে।]

ই) নিরীক্ষিত বার্ষিক আর্থিক বিবরণী (Financial Statement), আর্থিক বিবরণীর প্রতিটি খাতের ব্যাখ্যা এবং এ সম্পর্কিত তথ্য ও সমর্থিত দলিলাদি ন্যূনতম ৫(পাঁচ) বছর পর্যন্ত সংরক্ষণ করবে।

ঈ) কর্মকর্তা নিয়োগের পূর্বে নির্বাচিত প্রার্থীর পরিচিতির সঠিক তথ্য, সংশ্লিষ্ট ক্ষেত্রে তাঁর অভিজ্ঞতা ও অন্যান্য সংশ্লিষ্টতা এবং এ সকল তথ্যের সমর্থিত দলিলাদি সংগ্রহ এবং যাচাইপূর্বক (Employee Screening) নিয়োগ প্রদান করবে।

চলমান পাতা-০২

উ) বিদেশে অবস্থিত তাদের শাখার (প্রযোজ্য ক্ষেত্রে) কার্যক্রমের বিস্তারিত বিবরণ এবং কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের হালনাগাদ তথ্য সংরক্ষণ করবে।

(ঊ) যে সকল গ্রাহকের ঋণ স্থিতি ৭৫,০০০/-(পঁচাত্তর হাজার) টাকা বা তার উর্ধ্বে রয়েছে বা জমার স্থিতি ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা বা তার উর্ধ্বে রয়েছে সে সকল গ্রাহকের পরিচিতির সঠিক ও পূর্ণাঙ্গ তথ্য এবং সমর্থিত দলিলাদি সংগ্রহ করবে, যথার্থতা নিশ্চিত করবে ও তা সংরক্ষণ করবে। এছাড়াও গ্রাহক পরিচিতি বিষয়ক তথ্য/দলিলাদি ও উক্ত গ্রাহকের লেনদেনের বিস্তারিত বিবরণ লেনদেন বন্ধ হওয়ার তারিখ হতে ন্যূনতম ৫(পাঁচ) বৎসর পর্যন্ত সংরক্ষণ করবে। তবে বৈদেশিক সাহায্য/অনুদান/ঋণ গ্রহণকারী যে কোন প্রতিষ্ঠান-এর ক্ষেত্রে গ্রাহকের ঋণ বা জমার স্থিতি যে অংকেরই হোক না কেন এ অনুচ্ছেদে বর্ণিত সকল নির্দেশনা প্রযোজ্য হবে।

[এখানে গ্রাহক বলতে এনপিও/এনজিও-এর সুবিধাভোগী কোন ব্যক্তি/ব্যক্তিবর্গ, অন্যান্য এনপিও/এনজিও বা অন্য যে কোন প্রতিষ্ঠানকে বুঝাবে।]

(গ) প্রতিটি এনপিও/এনজিও গ্রাহক পর্যায়ে টাকা ১,০০,০০০/-(এক লক্ষ) বা এর অধিক অংকের লেনদেনসমূহ ব্যাংকিং চ্যানেল ব্যবহার করে সম্পাদন করবে।

(ঘ) এনপিও/এনজিও -এর উর্ধ্বতন ব্যবস্থাপনা কর্তৃপক্ষ, পরিচালনা পর্ষদের সদস্য, ট্রাস্টি (ও অন্যান্য) প্রতিষ্ঠানটির তহবিল উক্ত প্রতিষ্ঠানের উদ্দেশ্য, লক্ষ্য এবং কার্যক্রমের সাথে সামঞ্জস্যপূর্ণভাবে ব্যবহৃত হয়েছে মর্মে নিশ্চিত করবে (এ প্রেক্ষিতে Annual Independent Audit কার্যক্রম পরিচালনা করতে হবে)।

(ঙ) এনপিও/এনজিও -এর উর্ধ্বতন কর্তৃপক্ষ বা পরিচালনা পর্ষদ (প্রযোজ্য ক্ষেত্রে) তাদের কর্মকর্তাদের সাথে মানিলন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ কার্যক্রম বিষয়ে ত্রৈমাসিক সভা করবে এবং তাদের সকল কর্মকর্তাদের এ বিষয়ে উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করবে । প্রতিষ্ঠানটি সভা ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট রেকর্ড সংরক্ষণ করবে।

(চ) বাংলাদেশে কর্মরত প্রতিটি এনপিও/এনজিও জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজুলেশনের (UNSCR-1267 ও UNSCR-1373 রেজুলেশনসহ অন্যান্য রেজুলেশন) আওতায় তালিকাভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে কোন তহবিল গ্রহণ করবে না। Financial Action Task Force(FATF) এর Public Statement এ অন্তর্ভুক্ত কোন দেশ বা উক্ত দেশের কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে কোন প্রকার তহবিল গ্রহণের ক্ষেত্রে ঝুঁকি বিবেচনায় অধিকতর সতর্কতা(Enhanced Due Diligence-EDD) অবলম্বন করবে। এতদ্ব্যতিরেকে প্রতিটি এনপিও/এনজিও তাদের দাতা/দাতা সংস্থার সঠিক ও পূর্ণাঙ্গ পরিচিতিমূলক তথ্য এবং সমর্থিত দলিলাদি সংগ্রহ করবে, যথার্থতা নিশ্চিত করবে এবং এ বিষয়ক দলিলাদি সংরক্ষণ করবে।

[www.un.org/sc/committees/1267/consolist.shtml ওয়েবসাইটটির মাধ্যমে জাতিসংঘের নিরাপত্তা পরিষদের আওতায় তালিকাভুক্ত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের তালিকা এবং www.fatf-gafi.org/document/36/0,3746,en_32250379_32236992_46236900_1_1_1_1,00.html ওয়েবসাইটটির মাধ্যমে Public Statement এ অন্তর্ভুক্ত দেশের তালিকা পাওয়া যাবে ।]

(ছ) প্রতিটি এনপিও/এনজিও বৈদেশিক সাহায্য/অনুদান/ঋণের বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত ছাড়পত্র গ্রহণ ও সংরক্ষণ করবে এবং যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কোন অর্থ দাতার নিকট ফেরত প্রদান করবে না।

(জ) প্রতিটি এনপিও/এনজিও ঃ

(অ) গ্রাহকদেরকে প্রদত্ত তহবিল মানিলন্ডারিং ও সন্ত্রাসী কার্যে অর্থ যোগানে ব্যবহৃত হচ্ছে কিনা তা চিহ্নিতকরণের জন্য যথাযথ মনিটরিং ব্যবস্থা নিশ্চিত করবে। এ ধরণের কোন ঘটনা বা লেনদেন চিহ্নিত হলে/সন্দেহজনক মর্মে প্রতীয়মান হলে পরিশিষ্ট-'ক' মোতাবেক অবিলম্বে মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্ট করবে।

(আ) কোন দাতা/দাতাসংস্থা প্রচলিত আইনের পরিপন্থী কোন উদ্দেশ্যে প্রতিষ্ঠানটিকে ব্যবহার করছে এরূপ সন্দেহ হলে বা বিধি বহির্ভূত ও প্রচলিত আইনের পরিপন্থী কর্মকাণ্ড পরিচালনার জন্য অনুরোধ করলে তা পরিশিষ্ট-'ক' মোতাবেক অবিলম্বে মানিলন্ডারিং প্রতিরোধ বিভাগ, বাংলাদেশ ব্যাংক বরাবরে রিপোর্ট করবে।

চলমান পাতা-০৩

(ঝ) প্রতিটি এনপিও/এনজিও বাংলাদেশ ব্যাংকের চাহিদা মোতাবেক তথ্যাদি ও প্রয়োজনীয় সংশ্লিষ্ট কাগজপত্র/দলিলাদির কপি সরবরাহ করবে ।

০৪। এই সার্কুলারের নির্দেশনা পরিপালন নিশ্চিত করার এবং বিষয়টি সংশ্লিষ্ট সকলের অবগতিতে আনার জন্য প্রতিটি এনপিও/এনজিওকে অনুরোধ করা যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ ০১ (এক) পাতা।

স্বাক্ষরিত

**(দেবপ্রসাদ দেবনাথ)**
মহাব্যবস্থাপক
ফোন : ৭১২০৬৫৯

প্রতিলিপি নং- এএমএলডি-১/১/২০১১-

তারিখ ঃ উল্লিখিত

---

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরণ করা হলো ঃ-

১. ব্যক্তিগত সহকারী, সচিব, অর্থ মন্ত্রণালয়, ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যক্তিগত সহকারী, সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো, ঢাকা।
৪. মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৫. মহাপরিচালক, সমাজ সেবা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
৬. মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা।
৭. এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি।
৮. রেজিস্ট্রার, রেজিস্ট্রার অব জয়েন্ট স্টক কোম্পানীজ এন্ড ফার্মস।
৯. সকল বিভাগীয় প্রধান, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১০. মহাব্যবস্থাপক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বগুড়া/সিলেট/সদরঘাট,ঢাকা/বরিশাল/রংপুর।
১১. নির্বাহী পরিচালক, গভর্নর মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১২. গভর্নর মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৩. ডেপুটি গভর্নর মহোদয়গণের সাথে সংযুক্ত উপ-পরিচালক/সহকারী পরিচালক, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৪. অর্থনৈতিক উপদেষ্টা/নির্বাহী পরিচালক মহোদয়গণের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
১৫. মহাপরিচালক, বাংলাদেশ ইনস্টিটিউট অব ব্যাংক ম্যানেজমেন্ট, মিরপুর, ঢাকা।
১৬. মহাসচিব, দি ইনস্টিটিউট অব ব্যাংকার্স বাংলাদেশ, বিএসআরএস ভবন, ১০ম তলা, ১২, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
১৭. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল অ-লাভজনক সংস্থা/প্রতিষ্ঠান (Non Profit Organization) ও বেসরকারী উন্নয়ন সংস্থা (Non Government Organization) ।
১৮. ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, সকল তফসিলী ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠান, বীমা কোম্পানী, স্টক ডিলার ও স্টক ব্রোকার, পোর্টফোলিও ম্যানেজার ও মার্চেন্ট ব্যাংকার, সিকিউরিটি কাস্টডিয়ান, সম্পদ ব্যবস্থাপক।

স্বাক্ষরিত
**(ইয়াসমিন রহমান বুলা)**
উপ পরিচালক
ফোন : ৭১২৬১০১-২০/২৪৫২

পরিশিষ্ট-ক

## অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন/কার্যক্রম সংক্রান্ত রিপোর্টিং ফরম

**সূত্র ঃ এএমএল সার্কুলার নং ২৭, তারিখ ১৫/০৬/২০১১, অনুচ্ছেদ ৩(জ-অ, আ)।**

--------------এনপিও/এনজিও এর নাম

প্রধান কার্যালয় এর দাপ্তরিক ঠিকানা

১। অস্বাভাবিক ও সন্দেহজনক লেনদেনের/ কার্যক্রমের ক্ষেত্রে সন্দেহভাজন ব্যক্তির/প্রতিষ্ঠানের পরিচিতির বিস্তারিত তথ্য ঃ

২। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেনের/ কার্যক্রমের বিবরণ ঃ

ক) জড়িত অর্থের পরিমাণ

খ) লেনদেনের তারিখ/তারিখসমূহ

গ) সন্দেহজনক লেনদেন/ কার্যক্রম সংঘটিত হওয়ার শাখা/স্থান

৩। অস্বাভাবিক/সন্দেহজনক লেনদেন হিসেবে রিপোর্ট করার কারণঃ

৪। অন্যান্য তথ্যাদি ঃ

রিপোর্টকারী কর্মকর্তার স্বাক্ষর (Contact Point) ঃ

কর্মকর্তার নাম ঃ

পদবী ঃ

তারিখ ঃ